

জনশুমারিতে শিক্ষার হারের সঠিক পরিসংখ্যান পাওয়া যাবে

চাঁদপুর প্রতিনিধি

১৬ জুন ২০২২ ১২:০০ এএম

| আপডেট: ১৫ জুন ২০২২

১১:৪৬ পিএম



advertisement

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, জনশুমারির মাধ্যমে শিক্ষার হারের সঠিক পরিসংখ্যান পাওয়া যাবে। এতে করে সারাদেশের একটি সঠিক চিত্র আমাদের হাতে চলে আসবে। কতজন মানুষ নিরক্ষর রয়েছে, কতজন শিক্ষিত হয়েছেন এবং তাদের আর্থসামাজিক যে অবস্থান আমরা পাব সেটি দিয়ে নানা কর্মপরিকল্পনা গ্রহণে সহায়ক হবে। গতকাল চাঁদপুরের নিজ বাসভবনের হলরুমে ষষ্ঠ ডিজিটাল জনশুমারি ও গৃহগণনা কার্যক্রমের উদ্বোধন করতে গিয়ে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ সব কথা বলেন। মন্ত্রী আরও বলেন, এটি ষষ্ঠ জনশুমারি এবং এই প্রথমবার দেশে ডিজিটাল পদ্ধতিতে জনশুমারি হচ্ছে। ডিজিটাল পদ্ধতিতে হওয়ার কারণে এর যত তথ্য সংগৃহীত হবে তার ব্যবহার তত সহজ হয়ে যাবে। জনশুমারির মাধ্যমে বিভিন্ন তথ্য-উপাত্ত বের করে নেওয়া এবং গবেষণা করা অনেক বেশি সহজ হবে। এ সময় উপস্থিত ছিলেন চাঁদপুরের জেলা প্রশাসক মো. কামরুল হাসান, পুলিশ সুপার মো. মিলন মাহমুদ, জেলা পরিসংখ্যান কার্যালয়ের উপপরিচালক নাইমা রহমান প্রমুখ। ষ